

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লডেলে-০৩
৩৭/৩/এ, ইস্কাটনর্গাডনে রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৫২.১৭-৮৭

তারিখ: ২৮.০৫.২০১৮খ্রি:।

বিষয়: পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন কেশবপুর আল-আমিন দাখিল মাদ্রাসায় ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি না থাকা কালে সুপার এর স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিল উত্তোলন প্রসঙ্গে।

সূত্রঃ (১) জনাব মাওলানা মো: ইউনুছ আলী, সুপার, কেশবপুর আল-আমিন দাখিল মাদ্রাসা- এর আবেদন

তারিখ: ১৮.০৪.২০১৮খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭

তারিখ: ২৩.০৬.২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে সুপার, (জনাব মাওলানা মো: ইউনুছ আলী), কেশবপুর আল-আমিন দাখিল মাদ্রাসা কর্তৃক বিষয়োক্ত মদরাসার ম্যানেজিং কমিটির মেয়াদ ১০.০৪.২০১৮ খ্রি: তারিখে শেষ হয়ে যায় মর্মে জানানো হয়েছে।


০২. আবেদনে আরও উল্লেখ করা হয়েছে, মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক মাদরাসা শিক্ষা বোর্ডের বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি ২০১৮ এর কার্যক্রম শুরু করে নির্বাচনের তফসিল ঘোষণা করা হলে ম্যানেজিং কমিটির নির্বাচনের বিরুদ্ধে ছাত্র/ছাত্রী অভিযাবক ও দাতা সদস্য মামলা দায়ের করেন, মামলা নং ৬৪/১৮, তারিখ ১৪.০২.২০১৮ এবং মামলা নং ৭৪/১৮, তারিখ ২২.০২.২০১৮ বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত পটুয়াখালী সদর, ম্যানেজিং কমিটি নির্বাচন সংক্রান্ত স্থিতিবস্থার আদেশ প্রদান করলে নতুন ম্যানেজিং কমিটি গঠন করা সম্ভব হচ্ছেনা।

০৩. উপরিউক্ত কারণে (১০.০৪.২০১৮ খ্রি: তারিখে পূর্বের নিয়মিত কমিটির মেয়াদ শেষ হওয়া এবং মামলা জনিত কারণে নতুন কমিটি গঠন করতে না পারায়) মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলন সম্ভব হচ্ছে না মর্মে সুপার কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত হয়েছে।

০৪. সূত্রোক্ত ২ নং স্মারক মোতাবেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠাসমূহে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে) এবং সুপারের অবর্তমানে সহকারী সুপার এর স্বাক্ষরে শিক্ষকদের বেতন-ভাতাদি উত্তোলনের নিমিত্ত জেলা প্রশাসক / উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিস্বাক্ষরের বিধান রয়েছে।

০৫. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে বর্ণিত মাদরাসায় নিয়মিত কমিটি/ এডহক কমিটি না থাকায় মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিল জনাব মাওলানা মো: ইউনুছ আলী, সুপার, কেশবপুর আল-আমিন দাখিল মাদ্রাসা এর স্বাক্ষরে এবং সূত্রোক্ত ২ নং স্মারক আদেশ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে উত্তোলন হওয়া প্রয়োজন।

০৬. এমতাবস্থায় কেশবপুর আল-আমিন দাখিল মাদ্রাসা সদর, পটুয়াখালী এর ম্যানেজিং কমিটি/এডহক কমিটি পুনরায় গঠিত না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রের ২ নং স্মারক আদেশ অনুসরণক্রমে মাদরাসার সুপার এর স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার, সদর পটুয়াখালী এর প্রতিস্বাক্ষরে বেতন-ভাতাদির (এমপিও) বিল উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


28.05.18

(মো: আবদুল মুকিত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইলঃ adfinance.dme@gmail.com

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, পটুয়াখালী।

২. সুপার, জনাব মাওলানা মো: ইউনুছ আলী, কেশবপুর আল-আমিন দাখিল মাদ্রাসা, সদর, পটুয়াখালী।

অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।

২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, পটুয়াখালী।

৩. অফিস কপি।